গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**

পিএসসি সড়ক, আগারগাঁও

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

# প্রেস বিজ্ঞপ্তি

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৫০.০১৮.১৯ [অংশ-১]- ২৭৭ তারিখ : ৩০.০৪.২০১৯খ্রি.।

৪০তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের শর্তানুযায়ী ০৩.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠেয় প্রিলিমিনারি টেস্টে মোবাইল ফোন, ঘড়ি, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, বই-পত্র, ক্যালকুলেটর গহনা-অলংকার, ক্রেডিটকার্ড, ব্যাংককার্ড, মানিব্যাগ এবং ব্যাগসহ পরীক্ষা হলে প্রবেশ করা নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ মর্মে নিম্নবর্ণিত বিষয়গুলো ইত:পূর্বে প্রার্থীদের জানিয়ে দেয়া হয়েছে:

বিসিএস পরীক্ষার সময় হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি ব্যবহার কমিশন কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে। সময় জানার জন্য পরীক্ষা কক্ষে প্রয়োজনীয় সংখ্যক দেয়াল ঘড়ির ব্যবস্থা থাকবে।

পরীক্ষার হলে প্রার্থীগণ কানে কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে।

পরীক্ষা হলে প্রার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।

পরীক্ষা হলে মানিব্যাগ, ব্যাগ, বই-পত্র, ক্রেডিটকার্ড/ব্যাংককার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।

পরীক্ষার হলে কোনো প্রার্থীর নিকট মোবাইল ফোন, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইস, বই-পত্র, মানিব্যাগ, ক্যালকুলেটর, ব্যাগ এবং উপরোক্ত নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্তসহ বিসিএস পরীক্ষা বিধিমালার বিধি ভঙ্গের কারণে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ ভবিষ্যতে কর্ম কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

০৩.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠেয় ৪০তম বিসিএস পরীক্ষায় প্রিলিমিনারি টেস্টের দিন মোবাইল ফোন, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর, কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, গহনা-অলংকার, বই-পত্র, মানিব্যাগ, ক্রেডিটকার্ড/ব্যাংককার্ড এবং ব্যাগ না আনার জন্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংশ্লিষ্ট সবার সহযোগিতা প্রত্যাশা করছে।

৩০.৪.১৯

[আ.ই.ম. নেছার উদ্দিন]

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৫০.০১৮.১৯ [অংশ-১]- ২৭৯ তারিখ : ৩০.০৪.২০১৯খ্রি.।

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।

২। বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে বারবার ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।

৩। মূখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে বার বার প্রচার করতে তাঁকে অনুরোধ করা হলো।

৪। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।

৫। বার্তা সম্পাদক ..........................................................
বিসিএস পরীক্ষা দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা হওয়ায় বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
(প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৭। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
(প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের এবং টিভি চ্যানেল সমূহে বারবার স্ক্রল নিউজ হিসাবে প্রচার করার ব্যবস্থা করতে অনুরোধ করা হলো)।

৩০.৪.১৯

[আ.ই.ম. নেছার উদ্দিন]

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]